



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৬৩০৫/৩৭.১১.৮০৪১.৫০১.০১.৬.২০.৭১৯৭

তারিখ: ২২-০১-২০২২

বিষয়: অভিযোগ তদন্ত প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ২৪-১২-২০২১ তারিখের আবেদন (আইডি- (১১৩৩৩)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার মণিরামপুর উপজেলাধীন হাটগাছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সদস্য জনাব অনাথ বন্দু বিশ্বাস, পিতা: কিরণ চন্দ্ৰ বিশ্বাস বিদ্যালয়ের নামে প্রতিষ্ঠাকালিন কোন জমি বা অর্থ দান না করে কিভাবে প্রতিষ্ঠাতা সদস্য হয়েছেন উল্লেখ করে মনোজ মন্তব্য, পিতা: কালিপদ মন্তব্য একটি অভিযোগ দাখিল করেছেন। বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা হতে যা যা শর্তাবলি পূরণ করা প্রয়োজন তার কোনটি তিনি পূরণ করেননি। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন অতিসন্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে অনুরোধ করা হলো।

২২-০১-২০২২

(ড. বিশ্বাস শাহিন আহমদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

০৪২১-৬৮৬৩০৮

উপজেলা নির্বাহী অফিসার
মণিরামপুর, যশোর।

নথি নং-বিঅ-৬/৬৩০৫/৩৭.১১.৮০৪১.৫০১.০১.৬.২০.৭১৯৭ (৫)

তারিখ: ২২-০১-২০২২

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মণিরামপুর, যশোর।
- ৩। প্রাধান শিক্ষক, হাটগাছা মাধ্যমিক বিদ্যালয়, মশিয়াহাটী, মণিরামপুর, যশোর।
- ৪। অভিযোগকারী, জনাব মনোজ মন্তব্য, পিতা: কালিপদ মন্তব্য, হাটগাছা, মশিয়াহাটী, মণিরামপুর, যশোর।
- ৫। অফিস নথি।

২২-০১-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

তারিখ: ২৪/১২/২০২১ খ্রি:

বরাবর

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

বিষয়: ভূয়া প্রতিষ্ঠাতা-বর্তমান সভাপতির বিরদ্ধে অভিযোগ। (টেন্টেম্প্ট- ক্যালেজিং কমিটি ২০১)

জনাব,

যথা বিহিত সম্মান প্রদর্শন পূর্বক সবিনয় নিবেদন এই, অনাথ বন্ধু বিশ্বাস, পিতা: কিরণ চন্দ্র বিশ্বাস, গ্রাম: হাটগাছা, ডাক: মশিয়াহাটী, উপজেলা: মণিরামপুর, জেলা: যশোর। মণিরামপুর উপজেলার হাটগাছা মাধ্যমিক বিদ্যালয় (EIIN NO: 116183) এর প্রতিষ্ঠাতার তালিকায় তার নাম রয়েছে। আমার জানা মতে তিনি বিদ্যালয়টি প্রতিষ্ঠালগ্ন থেকে কোন জমি বা অর্থ দান করেননি। বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা হতে যে শর্তবলী প্রয়োজন তা তিনি কোনটিই করেননি। বিদ্যালয়ের প্রতিষ্ঠালগ্ন থেকে কোন রেজুলেশনে বা কমিটির তালিকায় তার নাম প্রতিষ্ঠাতা হিসাবে ছিলনা। তাহলে তিনি নিচ্য বিদ্যালয়ের একজন ভূয়া প্রতিষ্ঠাতা। প্রধান শিক্ষকের সহায়তায় তিনি প্রতিষ্ঠাতা সদস্য হয়ে বর্তমান কমিটির কিছু অভিভাবক সদস্য ও শিক্ষক প্রতিনিধিদের অবৈধভাবে ম্যানেজ করে সভাপতি হয়েছেন। বিষয়টি সরেজমিনে তদন্ত করে তাকে বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা তথা বর্তমান সভাপতির পদ থেকে অব্যাহতি দেয়ার জন্য এলাকাবাসির পক্ষ থেকে জোর দাবি জানাচ্ছি।

কর্তৃমান প্রকল্পটি অনুমোদনের ক্রম অনুমান দণ্ডন প্রক্রিয়ার্থে রাখেছে।

অতএব জনাবের নিকট আকুল আবেদন এই যে, অনুগ্রহ করে বিষয়টি 'তদন্ত করে প্রয়োজনী ব্যবস্থা গ্রহণ করতে আপনার একান্ত মর্জি হয়।

এলাকাবাসির পক্ষে

— মনোজ মন্ডল —

মনোজ মন্ডল

পিতা: কালিপদ মন্ডল, হাটগাছা
মশিয়াহাটী, মণিরামপুর, যশোর। ও

সভাপতি (প্রত্যক্ষ কমিটি ২০১)
হাটগাছা মাধ্যমিক বিদ্যালয়

মণিরামপুর, যশোর।

মোবাইল: ০১৭২৯১২৬৯৩২

সংযুক্ত:

০১। ২০০২ সালের কমিটি।

০২। ২০২১ সালের চূড়ান্ত ভোটার তালিকা।